আজকের কাগজ

তারিখ ... 11 JUL 1993 ...
পৃষ্ঠা ... ৬ ... কলাম ... ২ ...

17

# বাহাদুরপুর দাখিল মাদ্রাসায় ৫ জন ভুয়া শিক্ষকের নামে বেতন ভাতা উত্তোলনের অভিযোগ

নলছিটি থানার তালতলা বাহাদুরপুর দাখিল মাদ্রাসায় ৫ জন ভুয়া শিক্ষকের নামে বেতন ভাতা উত্তোলন করে আত্মসাতের অভিযোগ পাওয়া গেছে। জানা গেছে, তালতলা বাহাদুরপুর দাখিল মাদ্রাসার প্রতিষ্ঠাতা সাইয়েদ আহমদ ১৯৮৮ সাল থেকে জনৈক আব্দুর জব্বারকে মাদ্রাসার সুপারেন্টেন্ড দেখিয়ে তার নামে বেতন ভাতা উত্তোলন করছেন এবং একই সঙ্গে উক্ত আব্দুর জব্বার ঝালকাঠি জেলার সারেঙ্গল সিনিয়র মাদ্রাসার আরবী প্রভাষক পদে নিয়োজিত থেকে বেতন ভাতা নিচ্ছেন। এছাড়া প্রতিষ্ঠাতা সাইয়েদ আহমদ সহকারী শিক্ষক আবদুল্লাহ ইনডেক্স নং ৩৫২২৫৫ ৬ অক্টোবর '৮৭ থেকে ক্বারী নূরুল ইসলাম ইনডেক্স নং-০৭৫০২১, '৮৯ সাল থেকে ক্বারী মুহম্মদ আলী ইনডেক্স তাং ৩৬১১৪০ এবং প্রতিষ্ঠাতার শ্বশুর আঃ ওয়াহাব গত ২ বছর থেকে তাদের নাম দেখিয়ে সরকারি বেতনভাতা উত্তোলন করে আসছে। একটি সূত্র জানান, ১৯৮৫ সালে ভুয়া দলিলের মাধ্যমে সম্পত্তি দেখিয়ে মাদ্রাসাটি প্রতিষ্ঠা করে বিভিন্ন সময়ে ভুয়া কাগজপত্র তৈরি করে সরকারি অর্থ আত্মসাৎ করে আসছে। নলছিটি থেকে কাগজ প্রতিনিধি।